শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

ISO 9001:2015 Certified

মুক্তাগাছা, ময়মনসিংহ।

মুজিব শতবর্ষ MUJIB 100

Phone: 09028-75205, E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারকনং-২৭.১২.৬১৬৫.৫১৭.০২.০১৫.২২. ৬৯৫৮

তারিখ: ০৪/০৮/২০২২ খ্রি.
২০ শ্রাবণ, ১৪২৯বঙ্গাব্দ

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

সূত্র: বাপবিবো স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০৪.২২.৫০৮২, তাং-০৩/০৮/২০২২ খ্রি.

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ বিলিং সুপারভাইজার পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সহকারীগণের মধ্য থেকে পবিস সার্ভিস কোড, পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ এবং পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত: ২০১২) অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে।

পদের নাম: বিলিং সুপারভাইজার

ক্র. নং	পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	বিলিং সুপারভাইজার	সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ এবং পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত) ২০২১ খ্রি. অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।	১। বিলিং সহকারী হিসেবে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে কমপক্ষে ০৭ (সাত) বছর নিয়মিত চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। ২। বিলিং কম্পিউটার সার্ভার এবং অন্যান্য অফিস ইকুইপমেন্ট পরিচালনায় পারদর্শী হতে হবে। ৩। প্রতি মিনিটে ন্যূনতম বাংলা ১০ (দশ) টি ও ইংরেজী ৩০ (ত্রিশ) টি শব্দ টাইপে সক্ষম হতে হবে। ৪। পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী পদোন্নতির সকল শর্তসমূহ পূরণ হতে হবে। ৫। পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। ৬। বিলিং সহকারী পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

শর্তাবলী:

১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরিতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরিতে নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ আগামী ২৪/০৮/২০২২ খ্রি. তারিখ রোজ বুধবার, সকাল ১০:০০ ঘটিকার সময় ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর- মুক্তাগাছা, ময়মনসিংহ এ স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ-

ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের ফটোকপি
খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমানপত্রের ফটোকপি।
গ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।
ঘ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পস্ট সুপারিশ থাকতে হবে।
ছ) সর্বশেষ ০৫ বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারি মামলা চলমান নাই অথবা চার্জশিটের আওতায় তদন্তাধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
জ) সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না:-

ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একাধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশিটের আওতায় তদন্তাধীন কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরিকাল হিসেবে গণ্য হবে।

অ. পৃ. দ্র.

জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারি মামলা চলমান থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরিকাল হিসেবে গণ্য হবে।

৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবে:-

ক) পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী" তে উল্লিখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।

খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ এ উল্লিখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

গ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ধারা ৭,১২,১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ এবং পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত) ২০২১ খ্রি. অনুযায়ী অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে।

৬। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিস এর ভৌগোলিক এলাকায় (ময়মনসিংহ জেলার সদর, মুক্তাগাছা, ফুলবাড়ীয়া এবং টাঙ্গাইল জেলার মধুপুর, গোপালপুর, ভূয়াপুর, ধনবাড়ী ও ঘাটাইল উপজেলা) স্থায়ীভাবে বসাবাসকারীদের আবেদন করার প্রয়োজন নেই।

৭। ইতঃপূর্বে অন্য কোন পবিস এর চাকুরি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

৮। পদোন্নতির ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত ২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

৯। সাধারণ জনগণের সাথে সৌজন্যমূলক ও প্রফুল্ল আচরণের অধিকারী হতে হবে।

১০। বিলিং সুপারভাইজার পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ''চলতি দায়িত্ব'' হিসেবে নিয়োগ করা হবে। চলতি দায়িত্বকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে চাকুরি নিয়মিত করা হবে। তবে চলতি দায়িত্বে থাকাকালীন আচরণ ও কর্ম দক্ষতার মান সন্তোষজনক বিবেচিত না হলে দক্ষতার মান উন্নয়নের জন্য অনধিক ০৬ (ছয়) মাস সময় বর্ধিত করা যাবে অথবা যে পদ হতে পদোন্নতি দেয়া হবে সে পদে (পূর্ববর্তী পদে) প্রত্যাবর্তন করা যাবে।

১১। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের স্বামী বা স্ত্রী অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

১২। শর্তাবলিতে উল্লেখ নেই এমন যেকোনো বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার
ফোন ঃ ০৯০২৮-৭৫২০৫

অনুলিপি:- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি জন্য)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে.অ.)পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা
০৩। পরিচালক,পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
০৪। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
০৬। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার --------------------------------পবিস-১/২/৩/৪।
০৮। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৯। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
১০। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, ময়মনসিংহ।
১১। উপজেলা নির্বাহী অফিসার , ---উপজেলা।
১২। ডিজিএম (ফুলবাড়ীয়া, গোপালপুর, ঘাটাইল, মধুপুর, ধনবাড়ী) জো. অ., ময়মনসিংহ পবিস-১ ।
১৩। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/আইটি-১/২), ময়মনসিংহ পবিস-১ ।
১৪। এজিএম (ওএন্ডএম) আছিম/কালীবাড়ী সাব জোনাল অফিস, মপবিস-১।
১৫। সহ. জুনি. ইঞ্জিনিয়ার(আইটি)/জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), মপবিস-১। (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১৬। নোটিশ বোর্ড, ময়মনসিংহ পবিস-১ ।
১৭। অফিস/মাষ্টার কপি ।

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার